

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১২৫

তারিখ: ১১ বৈশাখ ১৪২৮

২৪ এপ্রিল ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ২৪ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ টা হতে সন্ধ্যা ০৬টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদী-বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

২৪ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে, তবে সিলেট বিভাগের দু'এক জায়গায় বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

তাপ প্রবাহঃ মাদারীপুর, সন্দ্বীপ, ফেনী, রাজশাহী, খুলনা, বাগেরহাট, যশোর, চুয়াডাঙ্গা এবং খেপুপাড়া অঞ্চলসমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে ও বিস্তার লাভ করতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশের দিনের এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): তাপমাত্রা আরও বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.০	৩৪.০	৩৬.৮	৩৪.২	৩৬.৬	৩৪.৮	৩৭.৫	৩৭.০
সর্বনিম্ন তাপমাত্রা	২১.০	২১.৫	২০.৫	১৮.৫	২০.৬	২০.০	২০.৬	২০.৬

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল খুলনা ৩৭.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল ১৮.৫° সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২২ এপ্রিল,

২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৩ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১০	৩৬	৪
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	৩	১	০
	মোট	২১	৩৭	৪

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য)

১। **ঢাকাঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গতকাল (২৩/০৪/২০২১ খ্রিঃ তারিখ) ভোর ০৩.১৭ ঘটিকায় আর্ম্যানীটোলা, ঢাকা আবাসিক এলাকায় একটি রাসায়নিক গুদামে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপনের ১৯ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে সকাল ০৬.০৮ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ অগ্নিকান্ডের ঘটনায় ৪ জন নিহত হয় এবং ফায়ার সার্ভিসের কর্মী ৩ জনসহ মোট ২৫ জন আহত হয়। শেখ হাসিনা বার্ন ইউনিটে ২১ জনকে ভর্তি করা হয়েছে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঢাকা টেলিফানে জানান যে, ঢাকা জেলা প্রশাসনের পক্ষ থেকে নিহত ব্যক্তির প্রতি পরিবারকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে এবং আহত ব্যক্তির প্রতি পরিবারকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা করে ইতোমধ্যে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। সঠিক তথ্য নিরূপনের জন্য ৪ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। বিস্তারিত তথ্য উপাত্ত পরে জানা যাবে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গতকাল (২৩/০৪/২০২১ খ্রিঃ তারিখ) সকাল ০৭.১৫ ঘটিকায় হাউজ নং - ১১, রোড নং - ১২, সেক্টর - ৪, উত্তরা, ঢাকা আবাসিক এলাকায় একটি বসতবাড়ীতে বৈদ্যুতিক গোলযোগে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপনের ৩ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে সকাল ০৮.৪৫ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ অগ্নিকান্ডের ঘটনায় শিল্পী আক্তার (৩৬) নামের একজন আহত হয়।

২। **নারায়নগঞ্জঃ** উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ এর পত্র নং ৫১.০১.৬৭৫৮.০০৫.৯৭.০০১.১৯.৬৯৭, তারিখ ২৩/০৪/২০২১খ্রিঃ এর মাধ্যমে জানা যায় যে, গত ২৩/০৪/২০২১ খ্রিঃ তারিখ সকল আনুমানিক ০৬.১২ ঘটিকায় নারায়নগঞ্জ সদর উপজেলাধীন ফতুল্লা ইউনিয়নের ০৯ নং ওয়ার্ড, পশ্চিম তল্লা, জামাই বাজার এলাকার জনাব আলামিন এর চার তলা নির্মাণাধীন ভবনের ৩য় তলায় গ্যাস বিস্ফোরণ থেকে অগ্নিকান্ড সংঘটিত হয়। সরেজমিনে পরিদর্শন করে জানা যায় যে, অগ্নিকান্ডে ভাড়াটিয়া হাবিবুর রহমান ও সোনাহার শেখসহ তাদের পরিবারের ১১ জন সদস্য আহত হয়। আহতদের মধ্যে ০৬ (ছয়) জনকে চিকিৎসার জন্য শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্ল্যাস্টিক সার্জারি ইনস্টিটিউট নিয়ে যাওয়া হয়েছে। আহতদের নামের তালিকা নিম্নে দেয়া হলোঃ

ক্রঃ নং	আহত ব্যক্তির নাম ও পিতার/স্বামীর নাম	ঠিকানা	মন্তব্য
০১.	হাবিবুর রহমান (৪৫), পিতা: মৃত লালন বিশ্বাস	পশ্চিম তল্লা, জামাই বাজার, ফতুল্লা, নারায়নগঞ্জ	
০২.	আলেয়া (৪০), স্বামী: হাবিবুর রহমান		
০৩.	লিমন (২০), পিতা: হাবিব		
০৪.	সাবিয়া তাবাসুম মীম (২০), পিতা: হাবিবুর রহমান		
০৫.	মাহির (৪৫ দিন), পিতা: বিপ্লব		
০৬.	সামান্তা বেগম (৬৫), স্বামী: জহর আলী		
০৭.	সাথী (২৫), পিতা: হাবিবুর রহমান		

০৮.	সোনাহার শেখ (৪০), পিতা: ভগলু শেখ	
০৯.	শান্তি (৩২), স্বামী: সোনাহার শেখ	
১০.	সামিউল (২৫)	
১১.	মনোয়ারা (২২)	

৩। **নড়াইলঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গতকাল (২৩/০৪/২০২১ খ্রিঃ তারিখ) সকাল ১১.২৫ ঘটিকায় চাতুরী বাজার, কালিয়া, নড়াইল এলাকায় একটি বসতবাড়ীতে রান্নাঘরের চুলা থেকে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপনের ২ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছানোর আগেই আগুন নিয়ন্ত্রণে আসে। এ ঘটনায় একজন আহত হয়।



২৪-৪-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১২৫/১(১৭০)

তারিখ: ১১ বৈশাখ ১৪২৮

২৪ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



২৪-৪-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা